4.

তারিখ 14 OCT 1989
পৃষ্ঠা 9 কলাম 3

দৈনিক খবর

# শিগগিরই চট্টগ্রামে পথকলি বিদ্যালয় চালু করা হচ্ছে

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ১৩ই অক্টোবর।– এখানকার প্রথম পথকলি বিদ্যালয় খুব শিগগিরই চালু হচ্ছে।

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের (বিসিআইসি) সার্বিক ব্যবস্থাপনায় নগরীর নাসিরাবাদে বিদ্যালয়টি স্থাপন করা হচ্ছে। বিসিআইসির নিজস্ব জায়গায় এটা স্থাপিত হচ্ছে। কর্পোরেশনের অন্যতম প্রতিষ্ঠান ওসমানিয়া গ্লাসশীট ফ্যাক্টরীর ব্যবস্থাপনা পরিচালক জামি-উল ইসলামের সার্বিক তত্ত্বাবধায়নে কাজ চলছে। তিনি বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি। ঢাকায় কর্পোরেশনের উর্ধ্বতন মহাব্যবস্থাপক মীর্জা আব্দুল মতিন এ ব্যাপারে পথকলি ট্রাস্টের সাথে যোগাযোগ রক্ষা করছেন। এই বিদ্যালয়ের ছাত্র সংখ্যা হবে ২৫০ জন, শিক্ষক থাকবেন ৬ জন। আপাততঃ বাইরের কোন শিক্ষক নিয়োগ করা হবে না। বিসিআইসির চট্টগ্রাম অঞ্চলের বিভিন্ন কারখানার লোকজন এ দায়িত্বে নিয়োজিত থাকবেন। প্রথম পর্যায়ে কর্ণফুলী কমপ্লেক্স, চট্টগ্রাম সিমেন্ট ক্লিংকার গ্রাইন্ডিং কোং লিঃ এবং পিএসপি কমপ্লেক্সের ৬ জন লোক শিক্ষা দানে নিয়োজিত থাকবেন। বিদ্যালয় স্থাপন এবং পরিচালনার যাবতীয় ব্যয়ভার কর্পোরেশনের চট্টগ্রামের কারখানাগুলো

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে প্রখ্যাত সমাজ সেবী ও চট্টগ্রামে কৃতী মহিলা বেগম জিনাত মুশাররফ উপস্থিত থাকবেন বলে আশা করা যাচ্ছে।